# উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়-এর জুলাই, ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নিজাম উদ্দীন খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়
সভার তারিখ ঃ ১৪/০৭/২০২৪ খ্রি., সময়: বেলা ১২.০০ টা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তেঁতুলিয়া, পঞ্চগড়

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'-তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। অতঃপর বিভাগওয়ারী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ জুন, ২০২৪ মাসের উপজেলা পরিষদে সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরনীর সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | জুন, ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিখা হয়েছে মর্মে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প.প. বিভাগ ঃ উপজেলার স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে।<br>সভাপতি মহোদয় শতভাগ জন্ম নিবন্ধন করার কাজে সহযোগিতা করার জন্য টিকা কর্মীদের ০-৪৫ দিনের শিশুদের তালিকা করে তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে জমা প্রদানের জন্য অনুরোধ জানান এবং এতবিষয়ে টিকা কর্মী/স্বাস্থ্য কর্মী/ স্বাস্থ্য সহকারীদের ইউনিয়ন মাসিক সভায় উপস্থিত থেকে বিষয়টি বিশদভাবে আলোচনা করারও আহবান জানান।<br>তিনি আরও জানান যে, তেঁতুলিয়া স্বাস্থ্য কমপ্লেক্সে ০২টি এ্যাম্বুলেন্স থাকলেও কোন চালক নাই। চালকের মৃত্যুজণিত কারণে পদটি দীর্ঘ দিন যাবদ পদটি শূণ্য রয়েছে। তেঁতুলিয়া উপজেলার ব্যাপক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করার নিমিত্ত এ্যাম্বুলেন্স চালকের শূন্য পদে নিয়োগ/পদায়নের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা প্রয়োজন। | ২.০১ঃ কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।<br>২.০২ঃ সভায় ঔষধ ও উপকরণের হালনাগাদ তথ্য ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করতে হবে।<br>৩.০৩ ঃ হাসপাতালের টেলিমেডিসিন সার্ভিস এর বিষয়টি ব্যাপক প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।<br>৩.০৪ঃ শতভাগ জন্ম নিবন্ধন করার কাজে সহযোগিতা করার জন্য টিকা কর্মীদের ০-৪৫ দিনের শিশুদের তালিকা করে তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে জমা প্রদানের জন্য অনুরোধ জানান এবং এতবিষয়ে টিকা কর্মী/ স্বাস্থ্য কর্মী/ স্বাস্থ্য সহকারীদের ইউনিয়ন মাসিক সভায় উপস্থিত থেকে বিষয়টি বিশদভাবে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।<br>৩.০৫ঃ তেঁতুলিয়া উপজেলার ব্যাপক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করার নিমিত্ত এ্যাম্বুলেন্স চালকের শূন্য পদে নিয়োগ/পদায়নের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রশাসন/ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা/ ইউনিয়ন পরিষদ/ বেসরকারি সংস্থা ও সেচ্ছাসেবী সংগঠন।<br>উপজেলার স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, তেঁতুলিয়া, পঞ্চগড়। |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ সহকারী উপজেলা প.প. কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ৩.০১ঃ কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ৪.০১ঃ কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, তেঁতুলিয়া, পঞ্চগড় |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ০৫.০১ কার্যক্রম অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সরকার নির্ধারিত সুযোগ সুবিধা প্রদান করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তেঁতুলিয়া |
| ০৬ | প্রাণিসম্পদ বিভাগ ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তেঁতুলিয়া সভায় অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ৬.০১ঃ কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৭ | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভিন্ন দূর্ঘটনার খবর তাৎক্ষনিক ভাবে জানানোর জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | ০৭.০১ঃ দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে এবং বিভিন্ন দূর্ঘটনার খবর তাৎক্ষনিকভাবে জানানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৮ | **সমাজসেবা অধিদপ্তর :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তেঁতুলিয়া সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বিভিন্ন ভাতা প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ/ লাইভ ভেরিফিকেশন চলছে। তিনি অনলাইন আবেদনের বিষয়টি ব্যাপক প্রচারের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। এ ছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ০৮.০১ঃ কার্যক্রম অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিভিন্ন ভাতা প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন করার বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ০৯ | **শিক্ষা সংক্রান্ত :** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ৯.০১ঃ শিক্ষার মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, তেঁতুলিয়া |
| ১০ | **মহিলা বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১০.০১ঃ কার্যক্রম অগ্রগতির ধারা অব্যাহত রাখতে এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদত্ত সরকারি সুযোগ সুবিধার বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ১১ | **যুব উন্নয়ন অধিদপ্তর :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সভাপতি মহোদয় আশ্রয়ণ প্রকল্পে সরকার নির্ধারিত সুযোগ সুবিধা/ প্রশিক্ষণ/ঋণ প্রদানের জন্য উপলো যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১১.০১ঃ কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সরকার নির্ধারিত সুযোগ সুবিধা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি :**<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১২.০১ঃ বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের গৃহীত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং নিয়মিত তদারকি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তেঁতুলিয়া |
| ১৩ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান যে, আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় নির্মিত গৃহসমূহে নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। | ১৩.০১ ঃ কার্যক্রম অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে এবং আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় নির্মিত নলকূপসমূহ সচল আছে কিনা তা যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তেঁতুলিয়া, পঞ্চগড়। |
| ১৪ | **উপজেলা সমবায় বিভাগ :**<br>উপজেলা সমবায় কর্মকতার মাধ্যমে সভা অবহিত হয় যে, উপজেলা সমবায় বিভাগ, তেঁতুলিয়া এর আওতায় সমবায় সমিতির নিবন্ধন, মূলধন গঠন, অডিট কার্যক্রম, সুষ্ঠভাবে চলছে। সভাপতি মহোদয় আশ্রয়ণ প্রকল্পে সরকার নির্ধারিত সুযোগ সুবিধা/ প্রশিক্ষণ/ ঋণ প্রদানের জন্য উপলো যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>এছাড়া মুজিববর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়িত আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীন মুক্ত করার জন্য তেঁতুলিয়া উপজেলায় বিভিন্ন গ্রামে গুচ্ছ আকারে নির্মিত ঘরে বসবাসরত উপকারভোগী পরিবারের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১২টি সমবায় গঠন করা হয়েছে। তিনি প্রতিটি উপকারভোগীকে সমিতির সদস্য হওয়ার বিষয়টি ব্যাপক প্রচারের জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১৪.০১ঃ কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সরকার নির্ধারিত সুযোগ সুবিধা প্রদান/ সমিতি গঠন/ঋণ প্রদান/ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>১৪.০২ঃ বিস্তারিত আলোচনান্তে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় তেঁতুলিয়া উপজেলায় বিভিন্ন গ্রামে গুচ্ছ আকারে নির্মিত ঘরে বসবাসরত উপকারভোগী পরিবারের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতির সদস্য হওয়ার জন্য অনুরোধ জানান এবং বিষয়টি ব্যাপক প্রচারের জন্য ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, তেঁতুলিয়া। ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৫ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সভাপতি মহোদয় আশ্রয়ণ প্রকল্পে সরকার নির্ধারিত সুযোগ সুবিধা/ প্রশিক্ষণ/ঋণ প্রদানের জন্য উপলো পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১৫.০১ঃ কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সরকার নির্ধারিত সুযোগ সুবিধা প্রদান করার নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, তেঁতুলিয়া। |
| ১৬ | **বন বিভাগ :** উপজেলা বিট অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৬.০১ঃ কার্যক্রম অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে। | বিট কর্মকর্তা, তেঁতুলিয়া, |
| ১৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :** সভা অবহিত হয় যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের স্বাভাবিক কার্যক্রম চলছে। | ১৭.০১ঃ শিক্ষার মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৮ | **ইউনিয়ন পরিষদ সংক্রান্ত ঃ**<br>বাংলাবান্ধা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ কুদরত-ই-খুদা মিলন, তিরনইহাট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আলমগীর হোসাইন, তেঁতুলিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মাসুদ করিম সিদ্দিকী, শালবাহান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আশরাফুল ইসলাম, বুড়াবুড়ি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ তারেক হোসেন ও ভজনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মসলিম উদ্দীন এক ও ঐক্যমত পোষণ করে সভায়, ভূমি রেজিস্ট্রেশন হতে প্রাপ্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর ১% এবং হাট বাজারের ইজারা প্রদানের অর্থের হিসাব উপজেলা নির্বাহী অফিসারের নিকট তলব করেন এবং ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি প্রকল্পের অর্থের ভাগ বাটোয়ারা ও ইউপি চেয়ারম্যানদের হিস্যা/অংশ দাবী করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় বিস্ময় প্রকাশ করে বলেন যে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কর্তৃক তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষ উপজেলা নির্বাহী অফিসারের নিকট এহেন হিসাব তলব করা এবং এডিপির অর্থের ভাগ-বাটোয়ারা চাওয়ার বিষয়টি অত্যন্ত ন্যাক্কারজনক, শিষ্টাচার পরিপন্থি এবং অসদাচরণের সামিল।<br>তিনি আরো জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের গত ১১/০৯/২০০৫ তারিখের ইপ/বিবিধ-১৩/৯৬/১১৫৯(৬৪) নং স্মারকপত্র মোতাবেক স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হিসেবে প্রাপ্ত রাজস্ব ব্যয় অগ্রাধিকার ভিত্তিতে তাদের ইউনিয়ন পরিষদে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের (ইউপি সচিব, হিসাব সহকারী ও গ্রামপুলিশ) বেতন ভাতা প্রদান করা হয়ে থাকে। চলতি ২০২৩-২৪ অর্থবছরে প্রাপ্ত রাজস্ব আয় বেতন-ভাতা পরিশোধের পর এখনো ৪০,৯৪,৩৩৮/- টাকা বকেয়া রয়েছে।<br>উপজেলাস্থ হাট-বাজার সমূহের ইজারালব্ধ আয়ের অর্থ এবং উপজেলা পরিষদের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রাপ্ত উন্নয়ন সহায়তা বাবদ প্রাপ্ত বরাদ্দ সংশ্লিষ্ট সরকারি আইন/নীতিমালা/পরিপত্র মোতাবেক বন্টন/ব্যয় করা হয়ে থাকে এবং এ সকল অর্থ ব্যবস্থাপনার জন্য পৃথক পৃথক কমিটি রয়েছে। | ১৮.০১ ঃ তেঁতুলিয়া উপজেলার বাংলাবান্ধা, তিরনইহাট, তেঁতুলিয়া, শালবাহান, বুড়াবুড়ি ও ভজনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক শিষ্টাচার পরিপন্থিভাবে হিসাব তলব ও ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি'র প্রকল্পের ভাগ বাটোয়ারা চাওয়ার বিষয়টি বিধি মোতাবেক অসদাচরণ মর্মে পরিলক্ষিত ও বিবেচিত হওয়ায় এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ১৯ | **উপজেলা পরিষদ (আর্থিক, উন্নয়নমূলক, অপারেশনাল, সমন্বয় ও বিবিধ) সংক্রান্ত ঃ**<br>১। উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় সভায় অবহিত করেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা ম্যানুয়াল, ২০২২ এবং স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র গত ১৬/০২/২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ অনুচ্ছেদ অনুযায়ী জুন, ২০২৪ মাসে উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা, মালি/সুইপার/নিরাপত্তা আনসারের বেতন-ভাতা, উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ, আপ্যায়ন ও আনুষঙ্গিক, বিদ্যুৎ, টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, পানির পাম্প মেরামত, ইন্টারনেটসহ ইত্যাদি বিল বিধি মোতাবেক পরিশোধ করা যেতে পারে। | ১৯.০১ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড় এর জুন, ২০২৪ মাসে জনাব মো. নিজাম উদ্দীন খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড় এর সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, জনাব মোঃ তৌহিদ হাসান তুহিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড় এর সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-, জনাব মোছাঃ সুলতানা রাজিয়া, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড় এর সম্মানী ভাতা ২৭,০০০/-, উপজেলা পরিষদের অস্থায়ী/দৈনিক ভিত্তিতে নিয়োজিত মালি মোঃ আকতার হোসেন এর বেতন ভাতা, সুইপার শ্রী মোহন রায়ের বেতন-ভাতা, নিরাপত্তা আনসার মোঃ হাসান আলীর বেতন-ভাতা, বিদ্যুৎ বিল, উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি ক্ষুদ্র মেরামত, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয় বাবদ, পানির পাম্প মেরামতসহ অন্যান্য বকেয় বিলসমূহ বিধি মোতাবেক অন্যান্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার |
| | ২। স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র গত ১৬/০২/২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে | ২০২৩-২০২৪ অর্থবছরে রাজস্ব তহবিলে পরিচালনা ব্যয় নির্বাহ ব্যতীত অব্যয়িত অর্থ না | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২৩ এর ৫ অনুচ্ছেদ অনুযায়ী অনুচ্ছেদ ৩ (ক-ঘ)- এ বর্ণিত উপজেলা পরিষদের নির্ধারিত পরিচালনা ব্যয়ের দেড়গুণ (১৫০%) অর্থ সংরক্ষিত রাখার পর রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরে ৩০ জুন এর পরে উন্নয়ন তহবিলের জমা প্রদানের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক তেঁতুলিয়া উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট ব্যাংক হিসাব পর্যালোচনায় দেখা যায়, ৩০ জুন, ২০২৪ পর্যন্ত স্থিতির পরিমাণ ২১,৪৪,৫৩৩/- (কথায়: একুশ লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত তেত্রিশ টাকা) তন্মধ্যে ১৩,৫১,০০০/- (তের লক্ষ একান্ন হাজার টাকা) তেঁতুলিয়া সদর ইউনিয়নের অর্ন্তগত তেঁতুলিয়া পুরাতন হাটের জীর্ণ ও ঝুঁকিপূর্ণ হাটশেড সমূহ (কনডেমড ঘোষণাকৃত) নিলামে বিক্রয়ের অর্থ সংরক্ষিত রয়েছে। যা: স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক ব্যয় যোগ্য এবং উক্ত অর্থ ব্যয়ের বিষয়ে সদয় নির্দেশনার জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি পর্যন্ত কোন নির্দেশনা পাওয়া যায়নি। ফলে, সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে রক্ষিত অবশিষ্ট অর্থ ৭,৯৩,৫৩৩/- (সাত লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত তেত্রিশ টাকা) উপজেলা পরিষদের নির্ধারিত পরিচালনা ব্যয় নির্বাহের তুলনায় অপ্রতুল। ফলে, ২০২৩-২০২৪ অর্থবছরে রাজস্ব তহবিলে পরিচালনা ব্যয় নির্বাহ ব্যতীত অব্যয়িত অর্থ না থাকায় এ তহবিল হতে কোন অর্থ উন্নয়ন তহবিলে জমা/স্থানান্তর করা সম্ভব নয়। | এমতাবস্থায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে কোন অর্থ উন্নয়ন তহবিলে জমা/স্থানান্তর না করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | ও<br>উপজেলা নির্বাহী অফিসার |

অতঃপর অন্য আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নিজাম উদ্দীন খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সভা
তেঁতুলিয়া, পঞ্চগড়

**উপজেলা পরিষদ কার্যালয়**
তেঁতুলিয়া, পঞ্চগড়
www.tetulia.panchagarh.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৭৭৯০.৮৩১.০৪.০০২.২৪-

তারিখ- ৩০ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
১৪ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৪. জেলা প্রশাসক, পঞ্চগড়
৫. উপসচিব, উপজেলা-১/উপজেলা-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়
৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়
৯. উপজেলা ............................................. কর্মকর্তা, তেঁতুলিয়া, পঞ্চগড়
১০. চেয়ারম্যান ............................................. ইউনিয়ন পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়
১১. জনাব ......................................................... তেঁতুলিয়া, পঞ্চগড়
১২. অফিস কপি/সংরক্ষণ নথি/ ওয়েব সাইট কপি

২৪/০৭/২৪

মোঃ ফজলে রাব্বি
উপজেলা নির্বাহী অফিসার
তেঁতুলিয়া, পঞ্চগড়
☎ ০২৫৮৯৯৪২৬০১
e-mail: unotetulia@mopa.gov.bd

CamScanner